বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
নিয়োগ ও পদোন্নতি শাখা, প্রশাসন বিভাগ
www.caab.gov.bd

স্মারক নং-৩০.৩১.০০০০.২০১.০১.০১৬.২৪-৪৫৮১

তারিখ: ২৮ পৌষ ১৪৩২ / ১২ জানুয়ারি ২০২৬

## নিয়োগপত্র

মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগ ও আপীল বিভাগ এবং বিজ্ঞ জেলা ও দায়রা জজ আদালত, ঢাকায় বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের স্বার্থ-সংশ্লিষ্ট মামলাসমূহ সুষ্ঠুভাবে প্রতিদ্বন্দ্বিতা/পরিচালনার নিমিত্ত অত্র কর্তৃপক্ষের অধীন সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত প্রার্থীগণকে প্যানেল আইনজীবী হিসেবে বর্ণিত শর্তাধীনে নিয়োগ প্রদান করা হলো:

| ক্র: নং | প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম | মেধাক্রম | যে আদালতের জন্য সম্মতি প্রদান করা হলো |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ মুক্তাদির রহমান<br>পিতা-মোঃ গিয়াস উদ্দিন বিশ্বাস<br>মাতা- মোসাঃ ফজিলাতুন নেসা | ১ম | মহামান্য সুপ্রিমকোর্টের হাইকোর্ট বিভাগ ও আপিল বিভাগ। |
| ২. | জনাব কামরুন নেসা<br>পিতা-আব্দুল বারি ভূইয়া<br>মাতা-মেহেরুন্নেসা খানম | ২য় | |
| ৩. | জনাব মোঃ হাফিজুর রহমান খান<br>পিতা-মোঃ মোকাদ্দেস হোসেন খান<br>মাতা- ফাতেমা ইয়াসমিন | ১ম | বিজ্ঞ জেলা ও দায়রা জজ আদালত, ঢাকা। |
| ৪. | জনাব মির্জা সুলতান আল রাজা<br>পিতা- মির্জা জহির উদ্দিন<br>মাতা- মৃত নেহার সুলতানা | ২য় | |

শর্তাবলী:

(১) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী এবং অত্র নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ২ (দুই) বছর। সন্তোষজনক কাজের মূল্যায়নের ভিত্তিতে উক্ত নিয়োগের মেয়াদ বছরভিত্তিক নবায়ন করা হতে পারে।

(২) তাঁকে যে সমস্ত মামলা প্রতিদ্বন্দ্বিতা/পরিচালনার দায়িত্ব প্রদান করা হবে, সে সমস্ত মামলায় প্রয়োজনীয় আইনগত কার্যক্রম গ্রহণপূর্বক প্রতিদ্বন্দ্বিতা/পরিচালনা করতে হবে এবং মামলার ফলাফল/অগ্রগতি যথাসময়ে অত্র কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করতে হবে।

(৩) যে সমস্ত মামলা তাঁকে প্রতিদ্বন্দ্বিতা/পরিচালনার দায়িত্ব প্রদান করা হবে তার কোনো খরচ অগ্রীম প্রদান করা হবে না। মামলা নিষ্পত্তি হলে বা অন্তবর্তীকালে কোনো খরচসহ তিনি আংশিক বিল দাখিল করতে পারবেন। যদি কর্তৃপক্ষের পক্ষে হতে কোন মানি মোকদ্দমা মামলা দায়ের করতে হয় তাহলে সংশ্লিষ্ট মামলার ভ্যালুয়েশন অনুযায়ী তাঁকে শুধু স্ট্যাম্প/কোর্ট ফি বাবদ টাকা ভ্যাট খরচসহ অগ্রীম প্রদান করা হবে। পরবর্তীতে বিল/ভাউচারের মাধ্যমে উক্ত অগ্রিমের অর্থ সমন্বয় করতে হবে।

(৪) অত্র কর্তৃপক্ষের পক্ষে হতে যদি কোনো আইনগত কার্যাবলী সম্পাদনের জন্য তাঁর উপর দায়িত্ব অর্পণ করা হয়, তা সম্পাদনান্তে নির্ধারিত ফি প্রদান করা হবে।

(৫) মামলা প্রতিদ্বন্দ্বিতা/পরিচালনার জন্য কর্তৃপক্ষের নির্ধারিত হারে প্রতিটি মামলার জন্য তাঁকে ফি প্রদান করা হবে।

পাতা-০২ দ্র:

(৬) মামলা সংক্রান্ত বিষয়ে অত্র কর্তৃপক্ষের সহকারী পরিচালক (আইন) এর সঙ্গে যোগাযোগ রক্ষা করতে হবে। তিনি মামলা পরিচালনায় প্রয়োজনীয় সমন্বয়/সহযোগিতা করবেন।

(৭) মামলা প্রতিদ্বন্দ্বিতা/পরিচালনার জন্য তাঁকে যে সকল মামলার দায়িত্ব প্রদান করা হবে সে সকল মামলায় তিনি যে ধরনের পদক্ষেপ গ্রহণ করবেন তা অত্র কর্তৃপক্ষের আইন কর্মকর্তা পরীক্ষা/যাচাই করে দেখতে পারবেন।

(৮) মামলায় গৃহীত কার্যক্রম কর্তৃপক্ষের স্বার্থের পরিপন্থী হলে যে কোনো সময় কর্তৃপক্ষ তাঁর নিয়োগপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(৯) তাঁর নিয়োগের মেয়াদ নবায়ন করা না হলে অথবা মেয়াদ উত্তীর্ণের পূর্বে তাঁর নিয়োগ বাতিল করা হলে প্রতিদ্বন্দ্বিতা/পরিচালনার জন্য ন্যস্তকৃত সকল মামলার নথিপত্র (সংশ্লিষ্ট মামলা) পরিচালনা না করা সংক্রান্ত অনাপত্তিপত্র (No Objection Certificate) সহ তাৎক্ষণিকভাবে কর্তৃপক্ষের নিকট ফেরৎ দিতে তিনি বাধ্য থাকবেন।

উপরিউক্ত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২১/০১/২০২৬ তারিখের মধ্যে চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা বরাবর যোগদান করার জন্য তাঁকে অনুরোধ করা হলো। অন্যথায় এ নিয়োগপত্র বাতিল মর্মে গণ্য হবে।

12.01.26

(মোহাম্মদ ইকরাম উল্লাহ)
পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
☎ ০২-৪১০৯১০৫২

প্রাপক,

বিতরণ (অভ্যন্তরীণ):

১। সদস্য (সকল), সিএএবি,সদরদপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, সিএএবি,সদরদপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন), সিএএবি,সদরদপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৪। পরিচালক (অর্থ), সিএএবি,সদরদপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিএএবি,সদরদপ্তর, কুর্মিটোলা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, সিএএবি,সদরদপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৭। সহকারী পরিচালক (আইন), সিএএবি, সদরদপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

বিতরণ (বাহির):

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।